



ST. LAWRENCE HIGH SCHOOL

A JESUIT CHRISTIAN MINORITY INSTITUTION
27, Ballygunge Circular Road, Kolkata – 700019
2nd Term Answer Worksheet 16



Class: 3

Subject: Bengali Text (অপুর রেল রাস্তা দেখা)

Date: 02/10/2020

১। অপু গ্রামের মধ্যে কোথায় কোথায় ঘুরত ?

উঃ অপু গ্রামের মধ্যে বকুলতলা ,গোঁসাইবাগান ,চালতেতলা ,নদীরধারে ও নবাবগঞ্জ যাবার পাকা রাস্তা পর্যন্ত ঘুরত ।সে কখনো গ্রামের বাইরে যায়নি ।মাঝে মাঝে বৈশাখ জ্যৈষ্ঠ মাসে গরম পড়লে বিকেল বেলায় দিদির সঙ্গে নদীর ঘাটে যেত ।এর বাইরে অপু আর কোথাও যায় নি ।

২। অপু জলভরা চোখে বাবার পিছন পিছন গেল কেন ?

উঃ অপু একদিন বাবার সঙ্গে প্রথম গ্রামের বাইরে বেড়াতে গেল ।কিছুদূর যাবার পরে সে রেললাইন দেখতে পেল ।তার খুব ইচ্ছা ছিল রেলগাড়ি দেখার ।কিন্তু বাবা বললেন যে রেলগাড়ী চার পাঁচ ঘন্টা পরে দুপুরবেলায় আসবে ।অপু রেলগাড়ি দেখার জিদ করায় বাবা বললেন এই রোদে শুধু বসে থাকা উচিত হবে না ।বাড়ি ফিরে আসার দিন তিনি তাকে রেলগাড়ি দেখাবেন ।এই কথা শুনে অপু রেলগাড়ি দেখতে না পাওয়ার দুঃখে জলভরা চোখে বাবার পিছন পিছন গেল ।

৩। রেলের রাস্তা দেখে অপু অবাক হয়েছিল কেন ?ওই রাস্তা দেখার পর সে বাবাকে কী কী প্রশ্ন জিজ্ঞাসা করেছিল ?

উঃ মাঠের মাঝখান দিয়ে একটা লাল খোয়া বিছানো উঁচু রাস্তা ডানদিকে বামদিকে অনেকদূর পর্যন্ত চলে গেছে ।দুটো লোহার পাত মাটির ওপর পাতা ।রাস্তার পাশে সাদা সাদা লোহার খুঁটির উপর অনেক গুলো দড়ির টানা বাঁধা এসব দেখে অপু অবাক হয়েছিল ।

ওই রাস্তা দেখার পর অপু তার বাবাকে প্রশ্ন করেছিল দুটি লোহা বরাবর পাতা কেন ? মাটির ওপর দিয়ে রেলগাড়ি না গিয়ে লোহার ওপর দিয়ে যায় কেন ? পিছলে পড়ে যায় না কেন ? তারের মধ্যে সোঁ সোঁ কিসের শব্দ হচ্ছে ? কারা কিভাবে খবর পাঠায় ? ইস্টিশন কোন দিকে ?

৪। বিভূতিভূষণ সম্পর্কে কয়েকটি বাক্যে তার পরিচয় দাও ?

উঃ ১৮৯৪ খ্রীস্টাব্দে ১২ই সেপ্টেম্বর ব্যারাকপুর নামক গ্রামে বিভূতিভূষণ জন্মগ্রহণ করেন। পিতা মহানন্দ বন্দ্যোপাধ্যায় ছিলেন সংস্কৃত পন্ডিত। মাতার নাম মৃণালিনী দেবী। বিভূতিভূষণ পল্লী বাংলার সৌন্দর্য ও সুখদুঃখ নিয়ে অনেক সাহিত্য রচনা করেন। তার লেখা পথের পাঁচালী, চাঁদের পাহাড়, ইচ্ছামতী আরণ্যক ইত্যাদি অনেক লেখা খুবই বিখ্যাত। ১৯৫০ সালে ১লা সেপ্টেম্বর ঘাটশিলায় তিনি মারা যান।

Manashi Chaudhuri